# উপজেলা পরিষদ

## মেলান্দহ , জামালপুর।

### সেপ্টেম্বর/২০২১ মাসের উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ কামরুজ্জামান
চেয়ারম্যান, উপজেলা পরিষদ , মেলান্দহ, জামালপুর।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
সভার তারিখ : ০৯ /০৯/২০২১ খ্রি:
সময় : বেলা ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "ক" এবং অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "খ"।

সভার প্রারম্ভে সভাপতি সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর তিনি আলোচ্যসূচী অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার কে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার সভা পরিচালনায় স্ব স্ব বিভাগের ষ্ট্যান্ডিং কমিটির সুপারিশ সভা অনুষ্ঠানের পূর্বে জমা প্রদানের বিধান থাকলেও যথাসময়ে না পাওয়ায় প্রতিটি দপ্তর থেকে ওয়াকিং পেপার দাখিলের জন্য সকল দপ্তর প্রধানদের অনুরোধ জানান।

গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হলে কোন আপত্তি না থাকায় উহা সর্ব সম্মত্তি ক্রমে অনুমোদিত হয়। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| ক্রঃনং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | জনপ্রশাসন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, তাঁর বিভাগের বিভাগীয় কার্যক্রম সুষ্টুভাবে সম্পাদন হচ্ছে। বর্তমানে কোন সমস্যা নেই। | অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | উপজেলা নির্বাহী অফিসার |
| ২ | স্বাস্থ্য | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা সভায় জানান যে, অত্র স্বাস্থ্য কমপ্লেক্সে মাঠ পর্যায়ে গণটিকার ২য় ডোজ গত ৭/৯/২১ ইং এবং ৮/৯/২১ ইং তারিখে পূর্বের ন্যায় বিভিন্ন টিকাকেন্দ্রে মোট ৬৮০০ জনকে সবার সার্বিক সহযোগিতায় সফল ভাবে প্রদান করা হয়েছে। তাছাড়া কোভিড-১৯ এর ১ম ডোজ এবং ২য় ডোজের টিকা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে টিকা প্রাপ্তি সাপেক্ষে প্রদান করা হয়েছে। অত্র স্বাস্থ্য কমপ্লেক্সে অন্তঃবিভাগের বহিঃ বিভাগে ও জরুরী বিভাগের সেবাদান কার্যক্রম সঠিকভাবে পরিচালিত হচ্ছে। বন্যা পরিস্থিতিতে আমাদের ১১টি মেডিকেল টিম মাঠ পর্যায়ে গঠন করা হয়েছে এবং কার্যকর আছে। তিনি আরও জানান যে, মেলান্দহ উপজেলার শ্যামপুর ইউনিয়নে ইসলামপুর উপজেলা স্বাস্থ্যসেবা দিয়ে যাচ্ছে, শ্যামপুর ইউনিয়নে যেন মেলান্দহ স্বাস্থ্য বিভাগ সেবা দিতে পারে, সে ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ করেন। তাছাড়া কমিউনিটি ক্লিনিক, ইপিআই কার্যক্রম সহ মাঠ পর্যায়ে সকল কার্যক্রম চলমান আছে। | বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা |
| ৩ | পরিবার পরিকল্পনা | উপজেলা প:প কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের বিভাগীয় কার্যক্রম সুষ্টুভাবে সম্পাদন হচ্ছে। বর্তমানে কোন সমস্যা নেই। | অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | উপজেলা প:প কর্মকর্তা |
| ৪ | কৃষি | উপজেলা কৃষি অফিসার সভায় নিম্নোক্ত বিষয়গুলো আলোচনা করেনঃ চাষী পর্যায়ে প্রযুক্তি হস্তান্তর, প্রদর্শনী বাস্তবায়ন, কৃষকের ফসলের রোগ, পোকা ও ফসল উৎপাদন বিষয়ক পরামর্শ প্রদান, সার, বালাইনাশক ও বীজ কৃষক যাতে সঠিকভাবে পায় তার ব্যবস্থা করা, সার, বালাইনাশক ও বীজের মান নিয়ন্ত্রনের জন্য মনিটরিং ১০টি কৃষক মাঠ স্কুলের মাধ্যমে১৫০ জন কৃষককে প্রশিক্ষণ প্রদান। ২টি "আইপিএম" কৃষক মাঠ স্কুলের মাধ্যমে ১৫০ কৃষক/কৃষাণীকে বিষমুক্ত ফসল উৎপাদন বিষয়ে প্রশিক্ষণ প্রদান। ৩০ টি পাট বীজ উৎপাদনের প্রদর্শনী প্রদান। কম্বাইন হারভেস্টার, পাওয়ার থ্রেসার, রিপার, রাইস ট্রান্সপ্লান্টার ক্রয়ে আগ্রহী কৃষকদের আবেদন গ্রহণ করা হচ্ছে। বন্যায় ফসলের ক্ষতির সম্ভাব্য পরিমাণ নির্ধরণ করা হচ্ছে। | বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার |
| ৫ | মৎস্য | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরে রাজস্ব বাজেটের উন্মুক্ত ও প্রাতিষ্ঠানিক জলাশয়ে পোনামাছ অবমুক্তির জন্য অত্র দপ্তরের অনুকুলে ১১৬০০০/-(এক লক্ষ ষোল হাজার টাকা) মাত্র বরাদ্দ পাওয়া গেছে। এ ব্যাপারে সংশ্লিষ্ট উপজেলার কমিটির সিদ্ধান্ত মোতাবেক পোনামাছ অবমুক্তি কার্যক্রম শীঘ্রই শুরু করা হবে। | দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৬ | প্রাণি সম্পদ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান, যে সেপ্টেম্বর/২১ মাসে সরকারি ভাবে কৃত্রিম প্রজনন সম্প্রসারণ সংখ্যা ৮৫০টি, সংকর জাতের বাছুরের তথ্য সংগ্রহ সংখ্যা ২৯০টি, গবাদিপশুর চিকিৎসা প্রদান সংখ্যা ৩৩৪০টি, খামারি প্রশিক্ষন প্রদান বিভিন্ন দপ্তর কর্তৃক আয়োজিত ৬০ জন, খামার পরিদর্শন ১০টি, উঠান বৈঠকের আয়োজন (সংখ্যা) ৮টি, অংশগ্রহণকারীর সংখ্যা ৮৫ জন, রাজস্ব আদায় টিকা এবং সিমেন সরবরাহ করে ৩৬৮১০ টাকা। চলমান পাতা-২ | বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা |

চলমান পাতা-২-

| | | | | |
|---|---|---|---|---|
| | দুর্যোগ ব্যবস্থাপনা | অনুপস্থিত | | |
| ৮ | সমাজসেবা | কার্যবিবারণী পাওয়া যায়নি | | |
| ৯ | উপজেলা প্রা: শিক্ষা | কার্যবিবারণী পাওয়া যায়নি | | |
| ১০ | মহিলা বিষয়ক | অনুপস্থিত | | |
| ১১ | যুব উন্নয়ন | কার্যবিবারণী পাওয়া যায়নি | | |
| ১২ | স্থানীয় সরকার | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়িত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডি) এর আওতায় ২০২০-২১ অর্থ বছরে অবকাঠামো উপ-প্রকল্প অনুমোদনের জন্য নিম্নে উপস্থাপন করা হলোঃ<br>উপ-প্রকল্প-১: "মির্জা আজম ইনস্টিটিউট অব মেডিকেল টেকনোলজি" উক্ত প্রতিষ্ঠানের দ্বিতীয় তলায় শ্রেণিকক্ষ নির্মাণ বরাদ্দ ৩৮০০০০০ (আটত্রিশ লক্ষ) টাকা ভ্যাট ও ট্যাক্স ব্যতীত।<br>উপ-প্রকল্প-২: "এস.এম মোখলেছুর রহমান মাধ্যমিক বিদ্যালয়" উক্ত প্রতিষ্ঠানের একটি শ্রেণিকক্ষ নির্মাণ বরাদ্দ ১২০০০০০ (বার লক্ষ) টাকা ভ্যাট ও ট্যাক্স ব্যতীত।<br>২০২০-২১ অর্থবছর এর সক্ষমতা বৃদ্ধিমূলক উপ-প্রকল্পসমূহ নিম্নে উপস্থাপন করা হলোঃ<br>২০২০-২১ অর্থ বছরে সক্ষমতা বৃদ্ধিমূলক উপ-প্রকল্প অনুমোদনের জন্য উপস্থাপন করা হলোঃ<br>উপ-প্রকল্প -১: যুবকদের ফ্রিল্যানসিং ও ডিজিটাল মার্কেটিং বিষয়ক প্রশিক্ষণ বরাদ্দ ১৭৯৯০০/- (এক লক্ষ উনাশি হাজার নয়শত) টাকা ভ্যাট ও ট্যাক্স ব্যতীত।<br>উপ-প্রকল্প -২: সিএনজি, অটোরিক্সা ও থ্রি হুইলার চালকদের ট্রাফিক আইন বিষয়ক প্রশিক্ষণ। বরাদ্দ- ১৫৫৩০০/- (এক লক্ষ পনচান্ন হাজার তিনশত) টাকা, ভ্যাট ও ট্যাক্স ব্যতীত।<br>উপ-প্রকল্প-৩: ভূমির সেবাপ্রদান, ভূমি সংক্রান্ত বিরোধ নিস্পত্তি ও ডিজিটাল ভূমি ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ। বরাদ্দ- ১৩২২০০/- (এক লক্ষ বত্রিশ হাজার দুইশত) টাকা, ভ্যাট ও ট্যাক্স ব্যতীত।<br>উপ-প্রকল্প-৪: নারী উদ্যোক্তা তৈরী করার লক্ষে খাদ্য প্রক্রিয়াকরণ ও তৈরীকরণ বিষয়ক প্রশিক্ষণ । বরাদ্দ- ১৮৫৪৬০ (একলক্ষ পচাশি হাজার চারশত ষাট)টাকা, ভ্যাট ও ট্যাক্স ব্যতীত।<br>উপ-প্রকল্প-৫(ক): খাঁচায় মাছচাষ ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ।<br>(খ) মৎস্যখামার যান্ত্রিকীকরণ ও উন্নত প্রযুক্তি সম্প্রসারণ এর মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধি বিষয়ক প্রশিক্ষণ।(গ) মৎস্য জীবীদের জলাশয় ব্যবস্থাপনা ও আইন প্রতিপালন বিষয়ক প্রশিক্ষণ। বরাদ্দ- ১০২৬০০/- ( এক লক্ষ দুই হাজার ছয়শত) টাকা, ভ্যাট ও ট্যাক্স ব্যতীত।<br>উপ-প্রকল্প -৬: উপজেলায় কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের ওয়েবপোর্টাল আপলোট ও পিপিআর বিষয়ক প্রশিক্ষণ। বরাদ্দ- ১১০৬৪০/- (এক লক্ষ দশ হাজার ছয়শত চলল্লিশ) টাকা, ভ্যাট ও ট্যাক্স ব্যতীত।<br>উপ-প্রকল্প-৭(ক): আধুনিক প্রযুক্তির মাধ্যমে উন্নতমানের বীজ উৎপাদন সংরক্ষণ ও বিতরণ বিষয়ক প্রশিক্ষণ। (খ) ভূ-গর্ভস্থ্য পানি ব্যবহার কমাতে এবং অপচয় রোধে AWD(alternat wetting and drying) পদ্ধতিসহ আধুনিক সেচ ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ ।(গ) কৃষি আধুনিকায়ন ও যান্ত্রিকীকরণ প্রশিক্ষণ।(ঘ) আধুনিক পদ্ধতিতে ফল ও সবজি বাগান ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ। বরাদ্দ- ১৩৩৯০০ (এক লক্ষ তেত্রিশ হাজার নয়শত) টাকা, ভ্যাট ও ট্যাক্স ব্যতীত। | বিষয় গুলো আলোচনা করা হলো, আলোচনান্তে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়িত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডি) এর আওতায় ২০২০-২১ অর্থ বছরে অবকাঠামো উপ-প্রকল্প ও ২০২০-২১ অর্থ বছরে সক্ষমতা বৃদ্ধিমূলক উপ-প্রকল্প সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন প্রদান করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী |
| ১৩ | জনস্বাস্থ্য | উপজেলা জনস্বাস্থ্য কার্মকর্তা সভায় জানান যে, ১। নলকূপের বরাদ্দ প্রতি ইউনিয়নে ২৬টি করে মোট ২৮৬টি পাওয়া গেছে। টেন্ডার প্রক্রিয়াধীন। ২। জিপিএস, এনএনজিপিএস. পিইডিপি-৪ প্রকল্পের ওয়াশ ব্লক এর ৭টি প্রাথমিক বিদ্যালয়ে কাজ চলমান। এনএনজিপিএস, পিজিএস এর ১৩টি প্রাথমিক বিদ্যালয়ের ওয়াশ ব্লকের কাজের টেন্ডার প্রক্রিয়াধীন ৩। তিন পৌরসভার প্রকল্পের আওতায় মেলান্দহ পৌরসভায় ট্রিটম্যান্ট প্ল্যান্ট, ওয়াটার পয়েন্ট, ড্রেন, পাইপ লাইন ও পাম্প হাউজের কাজ চলমান। | বিষয়গুলো সভায় আলোচনা করা হলো, আলোচনান্তে চলমান কাজগুলো দ্রুত এবং নির্দিষ্ট সময়ের মধ্যে শেষ করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা জনস্বাস্থ্য কার্মকর্তা |

চলমান পাতা-৩-

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪ | সমবায় | অনুপস্থিত | | |
| ১৫ | পল্লী উন্নয়ন | কার্যবিবারণী পাওয়া যায়নি | | |
| ১৬ | ফরেস্টার | কার্যবিবারণী পাওয়া যায়নি | | |
| ১৭ | মাধ্যমিক শিক্ষা | কার্যবিবারণী পাওয়া যায়নি | | |
| ১৮ | খাদ্য কর্মকর্তা | উপজেলা খাদ্য কর্মকর্তা সভায় জানান যে, গত ২৫/৭/২১ তারিখ হতে মেলান্দহ পৌরসভা ৫জন ডিলারের মাধ্যমে প্রতিদিন চাল ও আটা বিক্রি কার্যক্রম চলমান। গত জুলাই/২১ হতে জুন/২২ পর্যন্ত ভি.জি.ডি কার্যক্রমের জন্য বরাদ্দ পাওয়া যায়। খাদ্য বান্ধব কর্মসূচীর মাধ্যমে ১১টি ইউনিয়নে ৪০জন ডিলারের মাধ্যমে ২১২৮৬ জন ভোক্তার মধ্যে ৬৩৮.৫৮০ মে:টন চাল প্রতি কেজি ১০/- দরে বিক্রয় করা হয়। | বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য কর্মকর্তা, |
| ৯ | বিবিধ | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ মেলান্দহ সভায় জানান যে, বীর মুক্তিযোদ্ধা মোঃ মোবারক আলী (ওরফে তারা ও.সি) অবসর প্রাপ্ত এ.এস.পি, সাং ছবিলাপুর, থানাঃ মেলান্দহ, জেলা : জামালপুর। ছবিলাপুর গ্রামে নির্মাণাধীন ব্রীজ এবং ছবিলাপুর গ্রাম থেকে বাংলা বাজার পর্যন্ত রাস্তাটি তার নামে নাম করণের জন্য আবেদন করায় বিষয়টি সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।<br>২। উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের উত্তর, পশ্চিম, ও দক্ষিণ অংশের সীমানা প্রাচীর ভেঙ্গে যাওয়ার কারনে উপজেলা পরিষদ-সহ অন্যান্য অফিস সম্পূর্ণ অরক্ষিত অবস্থায় রয়েছে। তিনি উপজেলা সহকারী কমিশনার ভূমি কে উপজেলা পরিষদের সীমানা নির্ধারণ এবং উপজেলা প্রকৌশলী কে নতুন করে সীমানা প্রাচীর নির্মাণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ সভায় অনুরোধ করেন। এছাড়া তিনি আরো জানান যে, উপজেলা পরিষদ চত্তরে অবস্থিত মির্জা আজম আধুনিক অডিটরিয়ামটি বার্ষিক ২১,০০০/- মূল্যে ইজারা গ্রহণ করার জন্য সভার অনুমোদন প্রয়োজন।<br>৩। উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি, মেলান্দহ ইউনিট সভায় জানান যে, তার অফিসে তিনি (উপ-সহকারী প্রকৌশলী) এবং একজন মেকানিক ছাড়া অনকোন জনবল না থাকায় অফিস কার্যক্রম ব্যাহত হচ্ছে। তিনি উপজেলা পরিষদের অনুমোদন ক্রমে অফিস কার্যক্রমে সহযোগিতা করার জন্য একজন লোক নিয়োগ করার জন্য অনুরোধ করেন এছাড়া তিনি আরো জনান যে, তার অফিসে কিছু আসবাবপত্র ও স্টেশনারী পন্য ক্রয় বাবদ ৩৫০০০ (পয়ত্রিশ হাজার ) টাকা উপজেলা সেচ কমিটি হিসাব থেকে উত্তলন প্রয়োজন। | ১। বিষয়টি সভায় আলোচনা করা হলো, আলোচনান্তে, বীর মুক্তিযোদ্ধা মোঃ মোবারক আলী এর নামে ব্রীজ ও রাস্তাটি নাম করণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। বিষয়টি সভায় আলোচনা করা হলো, আলোচনান্তে উপজেলা পরিষদের সীমানা নির্ধারণ এবং সীমানা প্রাচীর নির্মাণে এর জন্য এবং মির্জা আজম আধুনিক অডিটরিয়ামটি ইজরা গ্রহণ এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩। সভায় বিষয়গুলো আলোচনা করা হলো, আলোচনান্তে অফিস পরিচালনার স্বার্থে একজন লোক এবং আসবাবপত্র ও স্টেশনারী পন্য ক্রয় বাবদ ৩৫০০০ (পয়ত্রিশ হাজার ) টাকা উত্তলন করার ব্যাপারে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ, মেলান্দহ, ও উপজেলা নির্বাহী অফিসার মেলান্দহ<br>২। চেয়ারম্যান উপজেলা পরিষদ, মেলান্দহ, ও উপজেলা নির্বাহী অফিসার মেলান্দহ<br>৩। চেয়ারম্যান উপজেলা পরিষদ, মেলান্দহ, ও উপজেলা নির্বাহী অফিসার মেলান্দহ |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ কামরুজ্জামান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর।

স্মারক নং :উপকা/মেলা/২০২১/
তারিখ :- ০৯/০৯/২০২১ খ্রি:

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য- ১৪০ জামালপুর- ৩
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, জামালপুর।
৪। ............................................ সম্মানীত সদস্য (সকল) উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর।

(মোহাম্মদ শফিকুল ইসলাম)
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর।
মোবাইল নম্বর : ০১৭০৯৯৭০১৭০
E-mail:unomelandah@gmail.com

সেপ্টেম্বর /২০২১ মাসের উপজেলা পরিষদ মাসিক সভার উপস্থিতি অনুযায়ী সদস্যবৃন্দের হাজিরা

| ক্রঃ নং | সদস্য | স্বাক্ষর |
|---|---|---|
| ১. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেলান্দহ | সাক্ষরিত |
| ২. | উপজেলা নির্বাহী অফিসার, মেলান্দহ | সাক্ষরিত |
| ৩. | উপজেলা স্বাস্থ্য ও প:প কর্মকর্তা, মেলান্দহ | সাক্ষরিত |
| ৪. | উপজেলা প্রকৌশলী, মেলান্দহ | সাক্ষরিত |
| ৫. | উপজেলা প্রাণি সম্পদ অফিসার, মেলান্দহ | সাক্ষরিত |
| ৬. | উপজেলা কৃষি অফিসার, মেলান্দহ | সাক্ষরিত |
| ৭. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, মেলান্দহ | সাক্ষরিত |
| ৮. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মেলান্দহ | সাক্ষরিত |
| ৯. | উপজেলা প:প কর্মকর্তা , মেলান্দহ | সাক্ষরিত |
| ১০. | উপজেলা ফরেষ্টার, মেলান্দহ | সাক্ষরিত |
| ১১. | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, মেলান্দহ | সাক্ষরিত |
| ১২. | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, মেলান্দহ | সাক্ষরিত |
| ১৩. | উপজেলা মৎস্য কর্মকর্তা, মেলান্দহ | সাক্ষরিত |
| ১৪. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মেলান্দহ | সাক্ষরিত |
| ১৫. | উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা, মেলান্দহ | সাক্ষরিত |
| ১৬. | উপজেলা খাদ্য কর্মকর্তা, মেলান্দহ | সাক্ষরিত |
| ১৭. | উপজেলা সংরক্ষিত আসনের সদস্য | সাক্ষরিত |
| ১৮. | উপজেলা সংরক্ষিত আসনের সদস্য | সাক্ষরিত |
| ১৯. | চেয়ারম্যান, ঘোষেরপাড়া ইউপি, মেলান্দহ | সাক্ষরিত |
| ২০. | চেয়াম্যান শ্যামপুর ইউপি, মেলান্দহ | সাক্ষরিত |
| ২১. | চেয়ারম্যান, ফুলকোচা ইউপি, মেলান্দহ | সাক্ষরিত |
| ২২. | চেয়ারম্যান, নাংলা ইউপি, মেলান্দহ | সাক্ষরিত |
| ২৩. | চেয়ারম্যান, কুলিয়া ইউপি, মেলান্দহ | সাক্ষরিত |
| ২৪. | চেয়ারম্যান, নয়ানগর ইউপি, মেলান্দহ | সাক্ষরিত |
| ২৫. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেলান্দহ | সাক্ষরিত |
| ২৬. | ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, মেলান্দহ | সাক্ষরিত |
| ২৭. | চেয়ারম্যান মাহমুদপুর ইউপি, মেলান্দহ | সাক্ষরিত |
| ২৮. | চেয়ারম্যান, দুরমুট ইউপি, মেলান্দহ | সাক্ষরিত |
| ২৯. | চেয়ারম্যান, চরবানিপাকুরিয়া ইউপি, মেলান্দহ | সাক্ষরিত |
| ৩০. | চেয়ারম্যান, আদ্রা ইউপি, মেলান্দহ | সাক্ষরিত |
| ৩১. | চেয়ারম্যান, ঝাউগড়া ইউপি, মেলান্দহ | সাক্ষরিত |

পরিশিষ্ট –খ–

| ক্রঃ নং | সদস্য | স্বাক্ষর |
|---|---|---|
| ১. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মেলান্দহ | |
| ২. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মেলান্দহ | |
| ৩. | উপজেলা সমবায় কর্মকর্তা, মেলান্দহ | |

উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর

স্মারক নং : উপকা/মেলা/২৯/২০২১

তারিখঃ ০৬/০৯/২০২১

নোটিশ

আগামী ০৯/০৯/২০২১ তারিখ, রোজ বৃহস্পতি বার সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা পরিষদ সভা কক্ষে উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব মোঃ কামরুজ্জামান, চেয়ারম্যান উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর। উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। ০৯/০৯/২০২১ **তারিখে অনুষ্ঠিতব্য সভার সংশ্লিষ্ট দপ্তরের কার্যপত্র** ০৮/০৯/২০২১ **তারিখের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।**

(মোহাম্মদ শফিকুল ইসলাম)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর
মোবাইল নম্বর : ০১৭০৯৯৭০১৭০
E-mail:unomelandah@gmail.com

....................................................
..................................... সম্মানীত সদস্য
উপজেলা সমন্বয় কমিটি, মেলান্দহ, জামালপুর।

স্মারক নং : উপকা/মেলা/২৯/২০২১

তারিখঃ ০৬/০৯/২০২১

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য- ১৪০ জামালপুর- ৩

২। জনাব, মোঃ কামরুজ্জামান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর।

মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর।
মোবাইল নম্বর : ০১৭০৯৯৭০১৭০
E-mail:unomelandah@gmail.com

উপজেলা পরিষদ

মেলান্দহ , জামালপুর।

অক্টোবর/২০২১ মাসের উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ কামরুজ্জামান
চেয়ারম্যান, উপজেলা পরিষদ , মেলান্দহ, জামালপুর।

সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।

সভার তারিখ : ১৪ /১০/২০২১ খ্রি:

সময় : বেলা ১২.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "ক" এবং অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "খ"।

সভার প্রারম্ভে সভাপতি সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর তিনি আলোচ্যসূচী অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার কে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার সভা পরিচালনায় স্ব স্ব বিভাগের ষ্ট্যান্ডিং কমিটির সুপারিশ সভা অনুষ্ঠানের পূর্বে জমা প্রদানের বিধান থাকলেও যথাসময়ে না পাওয়ায় প্রতিটি দপ্তর থেকে ওয়াকিং পেপার দাখিলের জন্য সকল দপ্তর প্রধানদের অনুরোধ জানান।

গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হলে কোন আপত্তি না থাকায় উহা সর্ব সম্মতি ক্রমে অনুমোদিত হয়। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| ক্রঃনং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | জনপ্রশাসন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, তাঁর বিভাগের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন হচ্ছে। বর্তমানে কোন সমস্যা নেই। | অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | উপজেলা নির্বাহী অফিসার |
| ২ | স্বাস্থ্য | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা সভায় জানান যে, ১। অত্র স্বাস্থ্য কমপ্লেক্সে কোভিড-১৯ করোনা ভ্যাকসিন এর ১ম ও ২য় ডোজ টিকা প্রদান চলমান রয়েছে। এ পর্যন্ত গণটিকাসহ ১ম ডোজ ৭৬৯৯২ জন কে এবং ২য় ডোজ ১৯৮৪৮ জন কে প্রদান করা হয়েছে। মাঠ পর্যায়ে গণটিকার ২য় ডোজ আগামী ২৮/১০/২০২১ খ্রিঃ তারিখে পূর্বের ন্যায় বিভিন্ন ইউনিয়ন পর্যায়ে কেন্দ্রে প্রদান করার কথা রয়েছে। অত্র উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এ পর্যন্ত মোট ৩৩৭ জন করোনা ভাইরাসে আক্রান্ত হয়েছে এবং ১৩ জন মৃত্যু বরন করেছে।২। মাঠ পর্যায়ে ২০টি কমিউনিটি ক্লিনিকে গত ১০/১০/২১ তারিখ হতে ১৪/১০/২১ তারিখ পর্যন্ত ৩০ বছর উর্ধ্বে মহিলাদের জরায়ু মুখ ক্যান্সার নির্ণয় ভায়া টেষ্ট করা হচ্ছে।৩। জাতীয় কালাজ্বর নির্মূল কর্মসূচীর আওতায় ঘোষেরপাড়া ইউনিয়নের জাতীয় পর্যায়ের একটি টিম সার্ভে করেন। এতে ২জন কালাজ্বর রোগী সনাক্ত হয় যাদের কে চিকিৎসার আওতায় আনা হয়েছে। সচেতনতার জন্য আমাদের মেডিকেল টিম কর্মরত আছেন। ৪। অত্র স্বাস্থ্য কমপ্লেক্সের বর্হিঃ বিভাগ/অন্তঃ বিভাগ/মাঠ পর্যায়ে ইপিআই কার্যক্রম ও সিসি সহ সকল কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা |
| ৩ | পরিবার পরিকল্পনা | উপজেলা প:প কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন হচ্ছে। বর্তমানে কোন সমস্যা নেই। | অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | উপজেলা প:প কর্মকর্তা |
| ৪ | কৃষি | উপজেলা কৃষি অফিসার সভায় নিম্নোক্ত বিষয়গুলো আলোচনা করেনঃ চাষী পর্যায়ে প্রযুক্তি হস্তান্তর, প্রদর্শনী বাস্তবায়ন, কৃষকের ফসলের রোগ, পোকা ও ফসল উৎপাদন বিষয়ক পরামর্শ প্রদান, সার, বালাইনাশক ও বীজ কৃষক যাতে সঠিকভাবে পায় তার ব্যবস্থা করা, সার, বালাইনাশক ও বীজের মান নিয়ন্ত্রনের জন্য মনিটরিং ১০টি কৃষক মাঠ স্কুলের মাধ্যমে১৫০ জন কৃষককে প্রশিক্ষণ প্রদান। ২টি "আইপিএম" কৃষক মাঠ স্কুলের মাধ্যমে ১৫০ কৃষক/কৃষাণীকে বিষমুক্ত ফসল উৎপাদন বিষয়ে প্রশিক্ষণ প্রদান। ৩০ টি পাট বীজ উৎপাদনের প্রদর্শনী প্রদান। কম্বাইন হারভেস্টার, পাওয়ার থ্রেসার, রিপার, রাইস ট্রান্সপ্লান্টার ক্রয়ে আগ্রহী কৃষকদের আবেদন গ্রহণ করা হচ্ছে। ১০০ জন চাষীকে মাসকলাই বীজ ও সার দেয়া হয়েছে। | বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। চলমান পাতা-২ | উপজেলা কৃষি অফিসার |

চলমান পাতা-২-

| | | | | |
|---|---|---|---|---|
| ৫ | মৎস্য | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, ১) ২০২১-২২ অর্থবছরে মৎস্য অধিদপ্তরের রাজস্ব বাজেটের অর্থায়নে উন্মুক্ত ও প্রাতিষ্ঠানিক জলাশয়ে পোনামাছ অবমুক্তি কার্যক্রমের আওতায় ১৩ সেপ্টেম্বর ২০২১ তারিখ মেলান্দহ উপজেলায় ০৩ টি জলমহাল ও ০৫টি প্রাতিষ্ঠানিক জলাশয়ে সংশ্লিষ্ট সকলের উপস্থিতিতে সুষ্ঠুভাবে মোট ৪৯১.৯২ কেজি পোনামাছ অবমুক্ত করা হয়। ২) ০৪ অক্টোবর হতে ২৫ অক্টোবর পর্যন্ত মোট ২২ দিন ইলিশের প্রধান প্রজনন মৌসুম। সরকার ঘোষিত এ সময় সারাদেশ ব্যাপি "ইলিশ সংরক্ষণ অভিযান ২০২১ " বাস্তবায়িত হচ্ছে। মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন ১৯৫০ অনুযায়ী এই ২২ দিন সারাদেশে ইলিশ মাছ আহরণ, পরিবহণ, মজুদ, বাজারজাতকরণ, ক্রয়-বিক্রয় ও বিনিময় সম্পূর্ণ নিষেধ ও দন্ডনীয় অপরাধ। ইলিশ সংরক্ষণ অভিযান ২০২১ সফলভাবে বাস্তবায়নের জন্য উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। ৩) কুড়িগ্রাম ও জামালপুর জেলার প্রান্তিক জনগোষ্ঠীর দারিদ্র হ্রাসকরণ প্রকল্প এর আওতায় মেলান্দহ উপজেলা হতে ৭৫ জন দরিদ্র ও প্রান্তিক পরিবারকে দেশীয় মাছের প্রদর্শণী স্থাপনে সহযোগিতা এবং মৎস্য খামারের সাথে যুক্ত ৪০ জন মৎস্য চাষিকে "আধুনিক মৎস্য চাষ" বিষয়ক প্রশিক্ষণ দেয়া হবে। এ ব্যাপারে সংশ্লিষ্ট উপজেলার কমিটির সিদ্ধান্ত মোতাবেক উল্লিখিত তালিকা প্রস্তুতপূর্বক শীঘ্রই প্রেরণ করা হবে। | দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৬ | প্রাণি সম্পদ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান, যে অক্টোবর/২১ মাসে সরকারি ভাবে কৃত্রিম প্রজনন সম্প্রসারণ সংখ্যা ৮৯৫টি, সংকর জাতের বাছুরের তথ্য সংগ্রহ সংখ্যা ২৯৮টি, গবাদিপশুর চিকিৎসা প্রদান সংখ্যা ২২৪০টি, খামারি প্রশিক্ষন প্রদান বিভিন্ন দপ্তর কর্তৃক আয়োজিত ২১০ জন, খামার পরিদর্শন ১০টি, উঠান বৈঠকের আয়োজন (সংখ্যা) ৮টি, অংশগ্রহণকারীর সংখ্যা ৯৬ জন, রাজস্ব আদায় টিকা এবং সিমেন সরবরাহ করে ৩৫৮০০ টাকা। | বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা |
| ৭ | দুর্যোগ ব্যবস্থাপনা | অনুপস্থিত | | |
| ৮ | সমাজসেবা | কার্যবিবারণী পাওয়া যায়নি | | |
| ৯ | উপজেলা প্রা: শিক্ষা | কার্যবিব্যরণী পাওয়া যায়নি | | |
| ১০ | মহিলা বিষয়ক | কার্যবিবরণী পাওয়া যায়নি | | |
| ১১ | যুব উন্নয়ন | কার্যবিবারণী পাওয়া যায়নি | | |
| ১২ | স্থানীয় সরকার | কার্যবিবারণী পাওয়া যায়নি | | |
| ১৩ | জনস্বাস্থ্য | কার্যবিবারণী পাওয়া যায়নি | | |
| ১৪ | সমবায় | কার্যবিবারণী পাওয়া যায়নি | | |
| ১৫ | পল্লী উন্নয়ন | কার্যবিবারণী পাওয়া যায়নি | | |
| ১৬ | ফরেস্টার | উপজেলা ফরেস্টার সভায় জানান যে, ১। জলবায়ু পরিবর্তনের বিরুপ প্রভাব মোকাবেলায় বৃক্ষরোপন এর অংশ হিসেবে মেলান্দহ-মাদারগঞ্জ এর সংসদীয় আসন জামালপুর -৩ এর মাননীয় সংসদ সদস্য মহোদয়ের জন্য নির্ধারিত বিনামূল্যে ২৫০০টি বনজ প্রজাতির চারাগাছ উত্তোলন করা হয়েছে। মাননীয় সংসদ সদস্য কর্তৃক অনুমোদিত ব্যক্তি/প্রতিষ্ঠানের নামের তালিকা প্রাপ্তির সাপেক্ষে চারা বিতরণ করা হবে। ২। মেলান্দহ উপজেলার বিভিন্ন হাট-বাজার বা লোকালয়ে সরকার অনুমোদনহীন ভাবে অবৈধ করারত কল পরিচালিত হয়ে আসছে। বন বিভাগ কর্তৃক প্রদেয় লাইসেন্স নিয়ে করাতকল সমূহের মালিকদেরকে বৈধভাবে করাত কল পরিচালনার জন্য ইতিমধ্যে নোটিশ প্রদান করা হয়েছে। ৩। সরকারী ভাবে বরাদ্দ ১০.০ কি:মি: রাস্তা বনায়নের জন্য (২০২১-২০২২ আর্থিক সন) রাস্তা খোঁজা হচ্ছে। এ ব্যাপারে সকল ইউ/পি চেয়ারম্যানদের কে সহযোগিতার জন্য বলা হয়। | বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা ফরেস্টার |

চলমান পাতা-৩

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭ | মাধ্যমিক শিক্ষা | কার্যবিবারণী পাওয়া যায়নি | | |
| ১৮ | খাদ্য কর্মকর্তা | উপজেলা খাদ্য কর্মকর্তা সভায় জানান যে,. গত ২৫/৭/২১ তারিখ হতে মেলান্দহ পৌরসভা ৫জন ডিলারের মাধ্যমে প্রতিদিন চাল ও আটা বিক্রি কার্যক্রম চলমান। গত জুলাই/২১ হতে জুন/২২ পর্যন্ত ভি.জি.ডি কার্যক্রমের জন্য বরাদ্দ পাওয়া যায়। খাদ্য বান্ধব কর্মসূচীর মাধ্যমে ১১টি ইউনিয়নে ৪০জন ডিলারের মাধ্যমে ২১২৮৬ জন ভোক্তার মধ্যে ৬৩৮.৫৮০ মে:টন চাল প্রতি কেজি ১০/- দরে বিক্রয় করা হয়। | বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য কর্মকর্তা, |
| ৯ | বিবিধ | ১। উপজেলা নির্বাহী অফিসার সভায়, ২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক আর্থিক বিবরণী অনুমোদনের জন্য উপস্থাপন করেন, তিনি আরো জানান, উপজেলা পরিষদের নতুন কমপ্লেক্স ভবন হওয়ার কারনে, কোর্ট ভবনে অবস্থিত সহকারী কমিশনার (ভূমি) কার্যালয়টি স্থানান্তরের প্রয়োজন হবে। এমতাবস্তায় উপজেলা পল্লী উন্নয়ন একডেমী (বিআরডিবি) কোয়ার্টারে অফিসটি স্থানান্তর করা হবে। কোয়ার্টাটি মেরামতের প্রয়োজন হলে, বিধি মোতাবেক ব্যবস্থা নেওয়া হবে। বিষয়টি অনুমোদন প্রয়োজন।<br>২। উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের সার্বিক তথ্য, উপজেলা ওয়েভ পোর্টালে আপলোড হালনাগাদ রাখার জন্য উপজেলা সহকারী প্রোগ্রামার কে দায়িত্বশীল ভূমিকা রাখার জন্য বলা হয়। | 1। বিষয়টি সভায় আলোচনা করা হলো, আলোচনান্তে ২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক আর্থিক বিবরণী ও উপজেলা পল্লী উন্নয়ন একাডেমী (বিআরডিবি) কোয়ার্টারে অফিসটি স্থানান্তর করার সর্বসম্মতি ক্রমে অনুমোদনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। বিষয়টি সভায় আলোচনা করা হলো, ও উপজেলা সহকারী প্রোগ্রামার কে দায়িত্বশীল ভূমিকা রাখার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ কামরুজ্জামান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর।

স্মারক নং :উপকা/মেলা/২০২১/৩৩
তারিখ : ১৪/১০/২০২১ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য- ১৪০ জামালপুর- ৩
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, জামালপুর।
৪। ............................................ সম্মানীত সদস্য (সকল) উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর।

১৪/১০/২১
(মোহাম্মদ শফিকুল ইসলাম)
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর।
মোবাইল নম্বর : ০১৭০৯৯৭০১৭০
E-mail:unomelandah@gmail.com